

# মাদরাসা বোর্ডের ফল পুনঃনিরীক্ষণে ফেল থেকে পাস ৯৯১ শিক্ষার্থী

ইত্তেফাক ডিজিটাল রিপোর্ট

প্রকাশ : ১০ আগস্ট ২০২৫, ১১:৫৯



২০২৫ সালের দাখিল পরীক্ষার পুনঃনিরীক্ষণে বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ডের ১ হাজার ৯১২ শিক্ষার্থীর ফলাফল পরিবর্তিত হয়েছে।

 দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে [Google News](#) অনুসরণ করুন

রোববার (১০ আগস্ট) পরীক্ষা নিয়ন্ত্রক প্রফেসর ড. মো. কামরুল আহসান এ তথ্য নিশ্চিত করেছেন।

তিনি জানান, পুনঃনিরীক্ষণের জন্য মোট ৩২ হাজার ৬০৫ জন শিক্ষার্থী ৬০ হাজার ৯০৩টি আবেদন করেছিলেন। তার মধ্যে ১ হাজার ৯১২ শিক্ষার্থীর ফল পরিবর্তিত হয়েছে। এর মধ্যে ৯৯১ জন ফেল থেকে পাস হয়েছেন এবং ২৫৫ জন ফেল অবস্থায় আছেন। এছাড়া ৩৯৮ জনের জিপিএ পরিবর্তন হয়েছে।

জিপিএ-৫ পেয়েছেন ১৩৯ জন এবং আগের মতো জিপিএ-৫ রয়ে গেছেন ১২৯ জন।

আগে ১১ থেকে ১৭ জুলাই পর্যন্ত দাখিল পরীক্ষার পুনঃনিরীক্ষণের আবেদন গ্রহণ করা হয়।